দৈনিক ইত্তেফাক

MAR. 25 2001

তারিখ ............

পৃষ্ঠা ... কলাম ...

# জাতীয় বিশ্ববিদ্যালয় আরো কম সময়ে ডিগ্রীর ফল প্রকাশ করবে

স্টাফ রিপোর্টার ঃ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক ডঃ দুর্গাদাস ভট্টাচার্য বলেছেন, জাতীয় বিশ্ববিদ্যালয় গতবছর মাত্র ৪ মাসের মধ্যে ৩ লাখ ডিগ্রী পরীক্ষার্থীর ফল প্রকাশ করেছে। চলতি বছর আরও কম সময়ের ভেতর ডিগ্রী পরীক্ষার ফল প্রকাশের আশা রাখে। তিনি আরও জানান, যুক্তরাষ্ট্রের ১০টি খ্যাতনাম্না বিশ্ববিদ্যালয় জাতীয় বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স ও বিবিএ গ্রাজুয়েটদের সেদেশে উচ্চতর শিক্ষার সুযোগদানের প্রস্তাব করেছে। গত শুক্রবার ইনস্টিটিউট অব হিউম্যানিটিজ এন্ড সোশ্যাল সায়েন্সের (আইএইচএস) এমএস ও পিএইচডি গবেষকদের পক্ষ থেকে তাকে দেয়া এক সংবর্ধনা অনুষ্ঠানে তিনি একথা বলেন। অনুষ্ঠানে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত প্রো-ভিসি অধ্যাপক ডঃ কে মউদুদ ইলাহীকেও সংবর্ধনা দেয়া হয়। এমএস গবেষক অধ্যক্ষা ফৌজিয়া আলীর সভাপতিত্বে সংবর্ধনা সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন আইএইচএসের পরিচালক অধ্যাপক মোস্তাইন বিল্লাহ, কোর্স-শিক্ষক অধ্যাপক ডঃ গোলাম রহমান, অধ্যাপক ডালেম চন্দ্র বর্মণ, অধ্যাপক গালিব আহসান খান, সৈয়দ আলমাস কবীর ও সাজেদ আশরাফ করীম। পিএইচডি ও এমএস গবেষকদের মধ্যে বক্তব্য রাখেন নাসির উদ্দিন আহমদ নোমান, জাহানারা বেগম, নিলুফার বেগম, অলিউর রহমান, কে এম. আশরাফ উদ্দিন ও মোমিনা আশরাফী।